

বেসু-র আইআইইএসটি স্বীকৃতি অধরাই রইল

স্টাফ রিপোর্টার : বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটির স্বপ্নভঙ্গ। কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক জানিয়ে দিল, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, সায়েন্স অ্যান্ড টেকনোলজি (আইআইইএসটি) স্বীকৃতি পাচ্ছে না বেসু। সরকারি সূত্রে খবর, এই মর্মে বৃহস্পতিবার কেন্দ্রের চিঠি এসে পৌঁছেছে রাজ্যে। বেসু-র কেন্দ্রীয় শিক্ষাপ্রতিষ্ঠানের মর্যাদা না পাওয়ার জন্য মূলত দু'টি বিষয়কে চিহ্নিত করা হয়েছে। ১) বেসু-র পাঠানো রিপোর্টে সন্তুষ্ট নয় কেন্দ্র। ২) বেসু-র ক্যাম্পাসে বিশৃঙ্খলা। ছাত্র-শিক্ষক-কর্তৃপক্ষের বিরোধে যে ভাবে বারবার অশান্ত হয়েছে বেসু, তাতে সন্তুষ্ট নয় কেন্দ্র। বেসু কর্তৃপক্ষ চিঠির কথা স্বীকার করলেও এ বিষয়ে বিশদে কিছু বলতে চায়নি।

স্টা:
বাস্তু
দো
সো
টাব
মার্
দো

1

S

DIS

C